

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৬. শক্ত হওয়া বা পাকার আগে কোন ফল-শস্য বিক্রি করা

শক্ত হওয়া বা পাকার আগে কোন ফল-শস্য বিক্রি করা হারাম। জাবির বিন 'আব্দুল্লাহ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ عَنْ بَيْعِ التَّمَرِ حَتَّى يَبْدُوَ صَلَاحُهُ، وَفِيْ رِوَايَةٍ: حَتَّى يَطِيْبَ، وَفِيْ رِوَايَةٍ: عَنْ بَيْعِ التَّمَرَةِ حَتَّى تُشْقِمَ، وَفِيْ رِوَايَةٍ: حَتَّى تُشْقِحَ وَفِيْ رِوَايَةٍ: وَتَأْمَنَ الْعَاهَةَ.

''রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন কোন ফল বা শস্য বিক্রি করতে যতক্ষণ না তা খাওয়ার উপযুক্ত হয়, পাকে তথা লাল বা হলদে রং ধারণ করে কিংবা তা নষ্ট হওয়ার আশঙ্কামুক্ত হয়''।

(মুসলিম ১৫৩৬ স্বা'হীহুল-জা'মি', হাদীস ৬৯২৪)

'আব্দুল্লাহ্ বিন্ 'উমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ عَنْ بَيْعِ النَّخْلِ حَتَّى يَزْهُوَ، وَعَنِ السُّنْبُلِ حَتَّى يَبْيَضَّ وَيَأْمَنَ الْعَاهَةَ، نَهَى الْبَائِعَ وَالْمُشْتَرِيَ. "রাসূল সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন খেজুর বিক্রি করতে যতক্ষণ না তা লাল বা হলদে রং ধারণ করে এবং শস্য বিক্রি করতে যতক্ষণ না তা সাদা রং ধারণ করে ও নষ্ট হওয়ার আশক্ষামুক্ত হয়। তিনি তা করতে নিষেধ করেছেন ক্রেতা-বিক্রেতা উভয়কেই"। (মুসলিম ১৫৩৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6842

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন